

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
সেগুনবাগিচা, ঢাকা।

[ মূল্য সংযোজন কর ]

-বিশেষ আদেশ

বিশেষ আদেশ নং- ১৩/মূসক/২০১৫

তারিখঃ ১৮ কার্তিক, ১৪২২ বঙ্গাব্দ / ০২ নভেম্বর, ২০১৫খ্রিঃ।

বিষয়ঃ কাঁচা পাট ক্রয়ের বিপরীতে উৎসে মূল্য সংযোজন কর হিসাবে যশোর জুট ইন্ডাস্ট্রিজ লিঃ এর নিকট দাবিকৃত ৳২,৬৪,১৯,৯০০.৬০ (দুই কোটি চৌষট্টি লক্ষ উনিশ হাজার নয়শত দশমিক ছয় শূন্য টাকা) এবং কার্পেটিং জুট মিলস লিঃ এর নিকট দাবিকৃত ৳৬৩,৯১,১৫০.০০ (তেষট্টি লক্ষ একানব্বই হাজার একশত পঞ্চাশ টাকা) পরিশোধের দায় হইতে উক্ত দুটি প্রতিষ্ঠানকে অব্যাহতি প্রদান।

যেহেতু, “কাঁচা পাট” মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর প্রথম তফসিলভুক্ত পণ্য এবং যেহেতু প্রজ্ঞাপন এস.আর.ও নং- ১৬৮-আইন/২০১৩-৬৭২-মূসক, তারিখঃ ০৬ জুন, ২০১৩খ্রিঃ এর মাধ্যমে মূসক ব্যবস্থায় ‘যোগানদার’ সেবার সংজ্ঞা পরিবর্তনপূর্বক ‘শুধুমাত্র করযোগ্য পণ্য ও সেবা সরবরাহকে’ যোগানদার সেবার অন্তর্ভুক্ত করা হইয়াছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, কাঁচা পাট ক্রয়ের বিপরীতে উৎসে মূল্য সংযোজন কর হিসাবে যশোর জুট ইন্ডাস্ট্রিজ লিঃ এর নিকট দাবিকৃত ৳২,৬৪,১৯,৯০০.৬০ (দুই কোটি চৌষট্টি লক্ষ উনিশ হাজার নয়শত দশমিক ছয় শূন্য) টাকা এবং কার্পেটিং জুট মিলস লিঃ এর নিকট দাবিকৃত ৳৬৩,৯১,১৫০.০০ (তেষট্টি লক্ষ একানব্বই হাজার একশত পঞ্চাশ) টাকা পরিশোধের দায় হইতে উক্ত দুটি প্রতিষ্ঠানকে অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/০২/১১/২০১৫খ্রিঃ  
(মোঃ নজিবুর রহমান)  
চেয়ারম্যান

উপ-নিয়ন্ত্রক,  
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়,  
তেজগাঁও, ঢাকা।


[ তাঁহাকে উল্লিখিত আদেশ এর ৩০০ (তিনশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল ]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২১.০১৬.১৪ / ৯৪২(২০)

তারিখঃ ০২/১১/২০১৫খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। বাংলাদেশ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, কাকরাইল, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল করপোরেশন, আদমজি কোর্ট, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ৩। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও মূসক), জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
- ৪-৬। সদস্য (শুল্ক নীতি)/ সদস্য (মূসক নীতি)/ সদস্য (মূসক বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৭-১৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/ কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
- ১৯। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ১২৭ বড়মগবাজার, ঢাকা।
- ২০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। (ওয়েব সাইটে আপলোডকরণসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ২১। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৩। দ্বিতীয় সচিব (মূসক-বাস্তবায়ন পণ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

  
[মোঃ মশিউর রহমান]

দ্বিতীয় সচিব (মূসক- আটন ও বিধি)